

**আল কুরআন**  
অনন্ত করুণাময় পরম দয়ালু  
আল্লাহর নামে আরম্ভ করছি  
.....  
আমার পক্ষ থেকে তুমি তাকে  
কবুল করে নাও, নিশ্চয়ই তুমি  
শ্রবণকারী, সর্বজ্ঞাত।  
  
সূরা আল ইমরান- ৩৫

দৈনিক

# কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২১ এপ্রিল ২০২৬ ॥ ০২ জিলকুদ ১৪৪৭ ॥ ০৮ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩২৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা




## আমাদের লক্ষ্য দেশের মানুষের উন্নয়ন: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক  
প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান  
তারেক রহমান বলেছেন, ৫ আগস্ট  
দেশ স্বৈরাচারমুক্ত হওয়ার পর  
অন্তর্ভর্তীকালীন ২ এর পাতায় দেখুন



## পরীক্ষার্থীরা হাসিমুখে কেন্দ্রে আসবে, হাসিমুখেই বের হবে: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক  
শিক্ষার্থীদের পরীক্ষাজীতি দূর করতে  
সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। এ  
কারণে এবারের এসএসসি ও সমমান  
পরীক্ষা ২ এর পাতায় দেখুন



## জ্ঞানিনি পরিস্থিতি এ মুহুর্তে দেশের 'সবচেয়ে বার্নিং ইস্যু'

কীর্তনখোলা ডেস্ক  
জ্ঞানিনি নিয়ে সৃষ্টি পরিস্থিতিতে এ মুহুর্তে  
দেশের 'সবচেয়ে বার্নিং ইস্যু' হিসেবে  
আখ্যা দিয়ে জাতীয় সংসদে তীব্র ক্ষোভ  
প্রকাশ ২ এর পাতায় দেখুন



## মন্ত্রী-প্রতিমন্ত্রীদের দেশ-বিদেশ সফরে নতুন প্রটোকল জারি

কীর্তনখোলা ডেস্ক  
মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের দেশ-  
বিদেশ সফরে যাবার ক্ষেত্রে বিধি অনুসরণীয়  
রীতীচারণ বা প্রটোকল নির্ধারণ করে  
নতুন ২ এর পাতায় দেখুন



## বরিশালে তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন ভবিষ্যৎ প্রজন্মকে তৈরি করতে রাষ্ট্রের দায়িত্ব তাদের পৃষ্ঠপোষকতা দেয়া

কীর্তনখোলা রিপোর্ট

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির  
উদ্দিন স্বপন বলেছেন, ভবিষ্যৎ  
প্রজন্মকে তৈরি করতে রাষ্ট্রের  
দায়িত্ব হচ্ছে- তরুণ প্রজন্মকে  
পৃষ্ঠপোষকতা দেওয়া। এ  
কারণেই শহীদ প্রেসিডেন্ট

জিয়াউর রহমান যুব ও ক্রীড়া  
মন্ত্রণালয় গঠন করেছিলেন।  
গতকাল সোমবার বরিশাল  
আউটার স্টেডিয়ামে দ্বিতীয়  
বিভাগ ক্রিকেট লীগের উদ্বোধনী  
অনুষ্ঠানে তিনি একথা বলেন।  
মন্ত্রী বলেন, একটা দেশ, একটা

জাতি এবং সে জাতির ভবিষ্যৎ  
প্রজন্ম কখনোই সুস্থভাবে গড়ে  
উঠতে পারে না যদি তার সুস্থ  
সুন্দর বিনোদনের পথ পরিষ্কার  
না থাকে। তিনি বলেন, আজকে  
বিশ্ব মঞ্চে বাংলাদেশ ক্রিকেটের  
যতটুকু ২ এর পাতায় দেখুন



মহানগর যুবদলের সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম জাহানের মাতা সুফিয়া বেগমের  
নামাঙ্কে জানাযা গতকাল আমানতগঞ্জ টিবার মাঠে অনুষ্ঠিত হয়

-কীর্তনখোলা

## বরিশালসহ চার বিভাগে আসছে তীব্র তাপপ্রবাহ

কীর্তনখোলা ডেস্ক

দেশের ওপর দিয়ে এখন বয়ে  
যাচ্ছে মৃদু তাপপ্রবাহ। এতে বেশ  
গরম অনুভূত হচ্ছে। আগামী  
কিছুদিন গরম আরও বাড়তে  
পারে। আগামীকাল থেকে ২৫-  
২৬ এপ্রিল পর্যন্ত রাজশাহী,

খুলনা, বরিশাল ও ঢাকা  
বিভাগের বড় একটি অংশে  
তাপপ্রবাহ মারারি থেকে তীব্র  
রূপ নিতে পারে। সোমবার (২০  
এপ্রিল) বাংলাদেশ ওয়েদার  
অবজারভেশন টিম  
(বিডব্লিউওটি) এ তথ্য

জানিয়েছে। সপ্তাহের  
জানিয়েছে, আগামী কয়েকদিন  
দেশের দক্ষিণ-পশ্চিম  
ও মধ্যাঞ্চলের জেলাগুলোতে  
গরমের দাপট সবচেয়ে বেশি  
থাকবে। সাধারণ আসনের  
(বিডব্লিউওটি) এ তথ্য ২ এর পাতায় দেখুন

শত শত শিকড়ের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রসারিত বাংলা জাতিপতিত ও ব্যাকরণবিশি বরিশাল সরকারি প্রকৌশল কলেজ, বাংলা বিজ্ঞানের প্রকৌশল বিভাগ এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক সচীবালা শিক্ষক

**অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা**

**উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির**

**বাংলা ব্যাকরণ ও নির্মিতি**

**বইটি অনন্য**

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে সচিব, ডাঃ উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক  
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিধয়ের প্রধান পরীক্ষক,  
সরকারি আশুপলবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

**পথিক মোস্তফা (এমফিল, ইবি)**

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

**গদ্য প্রকাশন, বরিশাল**

**বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে**

|                                                                      |                                                                           |                                                                            |                                                                                  |
|----------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------|
| <b>বুক ভিন্দা</b><br>সদর রোড, বরিশাল<br>01932-314219                 | <b>ইসলামিয়া লাইব্রেরি</b><br>দারুলজামান, সদর রোড, বরিশাল<br>01711-264963 | <b>অব্দের লাইব্রেরি</b><br>সদর রোড, বরিশাল<br>01708-868515                 | <b>অব্দের লাইব্রেরি</b><br>সদর রোড, বরিশাল<br>01708-868514                       |
| <b>খন্দকার লাইব্রেরি</b><br>সদর রোড, বরিশাল<br>01711-047767          | <b>নিউ মাহবুব লাইব্রেরি</b><br>সদর রোড, বরিশাল<br>01763-107720            | <b>রহমান বুক হাউজ</b><br>দারুলজামান, সদর রোড, বরিশাল<br>01718-670945       | <b>মজুমদার লাইব্রেরি</b><br>দারুলজামান, সদর রোড, বরিশাল<br>01716-139268          |
| <b>অমৃত লাইব্রেরি</b><br>হুগু রোড ও কলেজ রোড, বরিশাল<br>01719-408049 | <b>নিউ কলেজ লাইব্রেরি</b><br>বি.এম. কলেজের সামনে<br>01726-074663          | <b>হুক লাইব্রেরি</b><br>বি.এম. কলেজ রোড ও কলেজ রোড, বরিশাল<br>01724-851658 | <b>আশরাফিয়া লাইব্রেরি</b><br>বি.এম. কলেজ রোড ও কলেজ রোড, বরিশাল<br>01717-488083 |

## বরিশালের বিভাগীয় কমিশনারকে ওএসডি

কীর্তনখোলা ডেস্ক  
বরিশাল ও সিলেটের বিভাগীয়  
কমিশনারকে বিশেষ ভারপ্রাপ্ত  
কর্মকর্তা (ওএসডি) করে  
জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত করা  
হয়েছে। সোমবার (২০ এপ্রিল)  
জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্র  
জানিয়েছে, রবিবার এ সংক্রান্ত  
প্রজ্ঞাপন জারি করা হয়েছে।  
তবে, তাদের স্থলে নতুন  
বিভাগীয় কমিশনার এখনও  
নিয়োগ দেওয়া হয়নি। রবিবার  
জারি করা প্রজ্ঞাপনে বলা হয়,  
সিলেটের বিভাগীয় কমিশনার  
খান মো. রেজা-উল-নবী ও  
বরিশালের বিভাগীয় কমিশনার  
মোহাম্মদ মাহফুজুর রহমানকে  
গ্রেড-২ দেওয়ার পর তাদেরকে  
ওএসডি করে জনপ্রশাসন  
মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে।

## জ্ঞানিনি সংকটের জন্য বিগত স্বৈরাচারী সরকার দায়ী: তথ্যমন্ত্রী

আশুপলবাড়ী প্রতিনিধি

তথ্যমন্ত্রী এম জহির উদ্দিন স্বপন  
বলেছেন, বর্তমানে দেশে যে  
জ্ঞানিনি সংকট তৈরি হয়েছে সেই  
সংকটের জন্য বিগত স্বৈরাচারী  
সরকার দায়ী। সোমবার (২০  
এপ্রিল) সকালে দেশব্যাপী টিকা  
কার্যক্রমের অংশ হিসেবে  
বরিশালের আশুপলবাড়ী  
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকা  
কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে  
প্রধান অতিথির বক্তব্যে তিনি এ  
কথা বলেন। এম জহির উদ্দিন  
স্বপন ২ এর পাতায় দেখুন

## সংরক্ষিত নারী আসন ১১ দলের প্রার্থী চূড়ান্ত জামায়াত থেকে ৮, আছেন জুলাই শহীদে মা

কীর্তনখোলা ডেস্ক  
ত্রয়োদশ জাতীয় সংসদের  
সংরক্ষিত নারী আসনে ১১ দলীয়  
একদার প্রার্থী চূড়ান্ত হয়েছে।  
সেখানে জামায়াতে ইসলামী  
থেকে আছেন আটজন। সেই  
হলে একজন জুলাই শহীদের  
থেকে রাখা হয়েছে। সোমবার  
(২০ এপ্রিল) বিকেলে  
জামায়াতের মহিলা বিভাগের  
সেক্রেটারি নুরজোয়া সিদ্দিকা  
জায়ে নিউজকে এ তথ্য নিশ্চিত  
করেন। সাধারণ আসনের  
অনুপাত ২ এর পাতায় দেখুন



## দৌলতখানে কোস্টগার্ডের হাতে অস্ত্র ও গোলাবারুদসহ দুই ডাকাত আটক

দৌলতখান প্রতিনিধি

ভোলায় দৌলতখান উপজেলায় অভিযান চালিয়ে অস্ত্র ও  
গোলাবারুদসহ ২ জন ডাকাতকে আটক করেছে বাংলাদেশ কোস্ট  
গার্ড। সোমবার (২০ এপ্রিল) দুপুরে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা  
লেখকটোয়াট কমান্ডার সাকির আলম সুজন এ তথ্য নিশ্চিত করেন।  
তিনি জানান, দৌলতখান থানাধীন চরনিয়ামতপুর সংলগ্ন এলাকায়  
একদল ডাকাত দেশীয় অস্ত্র নিয়ে ডাকাতির প্রকৃতি নিচ্ছে বলে খবর  
পান তিনি। এমন তথ্যের ভিত্তিতে সোমবার মধ্যরাতে কোস্ট গার্ড  
বেহম ভোলা ওই এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে।  
অভিযান চলাকালে একটি দেশীয় আগ্নেয়াস্ত্র, ৩ রাউন্ড তাজা কার্তুজ,  
১ রাউন্ড ফাঁকা কার্তুজ ও ২টি দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। এ সময়  
মুঠাখাল থেকে দুই কুখ্যাত ডাকাতকে আটক করা হয়। আটককৃতরা  
হয়েনত মো. জসিম হাওলাদার (৪৫) এবং মোহাম্মদ জসিম উদ্দিন  
(৫০)। তারা উভয়েই দৌলতখান উপজেলার বাসিন্দা। কোস্ট গার্ড  
জানায়, জব্দকৃত অস্ত্র ও গোলাবারুদসহ ২ এর পাতায় দেখুন

## ভয়াবহ লোডশেডিংয়ের মধ্যে

## আজ এসএসসি পরীক্ষায় বসছে বরিশালের ৮২ হাজার পরীক্ষার্থী

কীর্তনখোলা রিপোর্ট

চাহিদার তুলনায় সরবরাহ অর্ধেক নেমে আসায়, লোডশেডিংয়ে  
বিপন্ন বরিশালবাসী। দিনে-রাত্রে ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুহীন থাকছে  
বিশিরাঙ্গ এলাকা। লোডশেডিং বেড়ে যাওয়ায় শিক্ষা,  
শিক্ষকলকারখানাসহ অতিষ্ঠ  
হয়ে উঠেছে জনজীবন।  
প্রথর গরমের সঙ্গে পান্না  
দিয়ে বেড়েছে লোডশেডিং।  
বরিশাল মহানগরী থেকে  
গুরু করে গ্রামাঞ্চল; সব  
জায়গায় দিন-রাত  
সমানভাবে চলছে বিদ্যুৎ  
বিস্ত্রাট। ফলে দৈনন্দিন  
জীবনযাত্রা মারাত্মকভাবে  
ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিদ্যুৎ না  
থাকায় এর প্রভাব পড়েছে  
শিক্ষাকারখানাতেও। উপপান  
ব্যাহত হওয়ায় লোকসানের  
আশঙ্কায় রাতভেঁনে  
মালিকরা। নগরীর বিসিক  
শিল্প এলাকার শাওন



জোগাতিতে পড়েছেন এসএসসি পরীক্ষার্থী ও প্রবীণরা। পরীক্ষার্থী  
আরাধ্যাত বলেন, গরমের মধ্যে বিদ্যুৎ না থাকায় ঠিকমতো পড়াশোনা  
করা সম্ভব হচ্ছে না। এদিকে, ক্রেতাশূন্য হয়ে পড়েছে  
বিপণিবিতানগুলোও। শহরের চকবাজার এলাকার ব্যবসায়ী সত্বর

মিয়া জানান, গরমের  
কারণে দিনে ক্রেতা কম  
থাকে, আর লোডশেডিংয়ের  
কারণে আইপিএস দিয়ে  
কিছুক্ষণ চালানো গেলেও  
পরে দোকান অন্ধকার হয়ে  
যায়। এতে ব্যবসা  
মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত  
হচ্ছে। অফিস-আদালত ও  
বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানেও  
স্থবিরতা নেমে এসেছে। দি  
চেয়ার অব কর্মার আড  
ইভান্সি বরিশালের  
পরিচালক আডভোকেট  
এইচ এম তসলিম উদ্দিন  
বলেন, বিদ্যুৎ না থাকায়  
ব্যবসায়ীরা সমস্যার

পড়ছেন, তবে সরকার সংকট  
বিভাগের তথ্যমতে, বরিশালের দুইটি বিদ্যুৎ বিক্রেতা ও বিতরণ  
এলাকায় চাহিদার তুলনায় অর্ধেক সরবরাহ হওয়ায় এই পরিস্থিতির  
সৃষ্টি হয়েছে। বিক্রেতা ও বিতরণ ২ এর পাতায় দেখুন

## বরিশাল বিশ্ববিদ্যালয় 'একাডেমিক শাটডাউন'

কীর্তনখোলা রিপোর্ট

শিক্ষকদের দাবির প্রতি সংহতি জানিয়ে সোমবার  
শিক্ষকদের পদোন্নতি, আইনি ও প্রশাসনিক  
জটিলতা নিরসনের দাবিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের  
(ববি) শিক্ষক সমাজ আগামী ২২ এপ্রিল থেকে  
পূর্ণাঙ্গ 'একাডেমিক শাটডাউন' ঘোষণা করেছে।  
এর আগে ২১  
এপ্রিল দিনব্যাপী  
পূর্ণ কর্মবিরতি  
পালন করা হবে।  
সোমবার  
(২০ এপ্রিল) শিক্ষক  
সমাজের পাঠানো  
এক  
বিজ্ঞপ্তিতে এ  
কর্মসূচির ঘোষণা  
দেওয়া হয়। এতে  
বলা হয়, দাবি পূরণ  
না হলে ২২ এপ্রিল  
থেকে অনির্দিষ্টকালের  
জানা সব ধরনের একাডেমিক কার্যক্রম বন্ধ রাখা  
হবে। পাশাপাশি শিক্ষকরা প্রশাসনিক দায়িত্ব  
কেন্দ্রেও বিরত থাকবেন। এর আগে একই দাবিতে  
মুক্তিকা, পানি ও পরিবেশ বিভাগের বিভাগের  
চ্যেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক ড. মো. জামাল  
উদ্দিন ২৪ ঘণ্টা অনশন কর্মসূচি পালন করেন। পরে



অনুযায়ী সিলেকশন বোর্ড বসানো হয়েছিল। কিন্তু  
পরবর্তীতে ইউজিসি থেকে অভিন্ন নীতিমালা  
অনুসরণের নির্দেশনা দিয়ে পর পাঠানো হয়। তিনি  
বলেন, 'ইউজিসির নির্দেশনার পর আমরা তাদের  
সঙ্গে নিয়মিত যোগাযোগ করছি। এ বিষয়ে  
একাধিক সভা হয়েছে ২ এর পাতায় দেখুন

অনুযায়ী সিলেকশন বোর্ড বসানো হয়েছিল। কিন্তু  
পরবর্তীতে ইউজিসি থেকে অভিন্ন নীতিমালা  
অনুসরণের নির্দেশনা দিয়ে পর পাঠানো হয়। তিনি  
বলেন, 'ইউজিসির নির্দেশনার পর আমরা তাদের  
সঙ্গে নিয়মিত যোগাযোগ করছি। এ বিষয়ে  
একাধিক সভা হয়েছে ২ এর পাতায় দেখুন

## জেলেদের চাল বিতরণে অনিয়মের অভিযোগে মন্ত্রণালয়ের তদন্ত কমিটি

কীর্তনখোলা ডেস্ক

দ্বীপজেলা ভোলায় দৌলতখান উপজেলায় মেঘনা নদীতে দুই মাস মাছ  
ধরা নিষিদ্ধকাল কর্মহীন জেলেদের জন্য সরকারি বরাদ্দকৃত চাল  
বিতরণে অনিয়মের অভিযোগে তদন্ত কমিটি গঠন করেছে মৎস্য ও  
প্রাণিসম্পদ মন্ত্রণালয়। গণমাধ্যমে প্রকাশিত সংবাদের পরিত্রেক্ষিতে  
সোমবার এ কমিটি গঠন করা হয়। প্রকাশিত সংবাদ অনুযায়ী,  
হাজিপুর ইউনিয়নে কর্মহীন জেলেদের জন্য জনপ্রতি ৮০ কেজি চাল  
বিতরণের সরকারি নির্দেশনা থাকলেও বাস্তবে প্রতিজনকে ৫০ কেজি  
করে চাল প্রদান করা হয়েছে। ফলে জনপ্রতি ৩০ কেজি চাল কম  
পাওয়ায় জেলেদের মধ্যে অসন্তোষের সৃষ্টি হয়েছে। অভিযোগের  
পরিত্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান  
সালাউদ্দিন টুকু, এমপিও নির্দেশনায় মৎস্য অধিদপ্তর পটুয়াখালী  
জেলায় জেলা মৎস্য কর্মকর্তা বিজন কুমার নন্দীকে প্রধান করে একে  
সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে। ২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

## কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা:  
পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা:  
নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যকে  
অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ  
আবেদন করুন।

-মফস্বল সম্পাদক  
০১৩০৪১৬৮৪১৯

নতুন আসীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে  
বিশ্বমানের সিমেন্ট

**শ্রীমৎস্য সিমেন্ট**  
হাইড্রোলিক ইঞ্জিনিয়ারিং



সেবা : ০২৯১০০৬৬৬০৪, ০২৯১১০২৭০৪



## বর্তমান খাণা ২

আন্তর্জাতিক প্রতীক

# মম্মাদকীয় কার্যকর পদক্ষেপ নিন

সরকারের দাবি, দেশের ইতিহাসে জ্ঞাননি তেদের সর্বোচ্চ মজুদ রয়েছে। গত বছরের সমপরিমাণই তেল সরবরাহ করা হচ্ছে, অথচ প্ট্রোল পাম্পগুলোতে তেলের জন্য অপেক্ষমাণ যানবাহনের সারি কেবলই দীর্ঘ হচ্ছে। কোথাও কোথাও ১২ ঘণ্টা লাইনে দাঁড়িয়ে তেল নেওয়ার অভিজ্ঞতার কথাও জানা যাচ্ছে। এমনকি তেলের অভাবে জরুরি সেবার যানবাহনের চলাচলও বিঘ্নিত হচ্ছে। পণ্য পরিবহন ব্যাহত হচ্ছে। অনেকে স্থানে পাম্প কর্মচারীদের সঙ্গে ক্ষুব্ধ গ্রাহকদের হাতাহাতি এবং পাম্পে ভাঙচুরের ঘটনাও ঘটছে। তাহলে এত বিপুল পরিমাণ তেল যাচ্ছে কোথায়? বিশেষজ্ঞরা মনে করেন, সংকটের মূলে রয়েছে তেল সরবরাহে বিঘ্নিত হওয়ার কিংবা তেল না পাওয়ার ভয় বা আতঙ্ক। ফলে প্যানিক বায়িং বা আতঙ্কজনিত ক্রয় বেড়ে গেছে। অনেকে প্রয়োজনের অতিরিক্ত তেল কিনে ভবিষ্যতের জন্য মজুদ করছেন। আবার মজুদদারি এবং বেশি দামে কাশোবাজারে বিক্রির জন্যও তেলের চাহিদা অনেক বেড়ে গেছে। সেই সঙ্গে রয়েছে পার্শ্ববর্তী দেশগুলোতে জ্বালানি তেল চোরাজালান বা পাচার হয়ে যাওয়া। বিশেষজ্ঞরা মনে করেন, সরবরাহ ও বিক্রেতা ব্যবস্থানুগা উন্নত করা প্রয়োজন। বাংলাদেশে পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) কর্মকর্তারা জানান, দেশে সবচেয়ে পর্যাপ্ত জ্বালানি তেলের মজুদ রয়েছে। গত বছরের সমপরিমাণ তেল সরবরাহ করা সত্ত্বেও পাম্পগুলো থেকে অতিরিক্ত ৩০ শতাংশ চাহিদা দেওয়া হচ্ছে। বিপিসি জানায়, চাহিদার সঙ্গে সামন্য করার লক্ষ্যে আজ রবিবার থেকে অপেক্ষেনের সরবরাহ ২৫ শতাংশ বাড়ানোর চিন্তা রয়েছে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সরবরাহ স্বাভাবিক থাকার দাবি করা হলেও বাস্তবে বেশির ভাগ এলাকার পাম্প তেল পাওয়া যাচ্ছে না। কোথাও পাম্প পুরোপুরি বন্ধ, কোথাও বা সীমিত পরিমানে বিক্রি চলছে। ফলে সাধারণ মানুষকে ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থেকেও তেল না পেয়ে ফিরে যেতে হচ্ছে। বিভাগগুলো থেকে প্রায় একই রকম চিন পাওয়া যাচ্ছে। গত ত্তব্বার চট্টগ্রাম মহানগরে ৬৩টি প্ট্রোল পাম্পের মধ্যে প্রায় ৪০ শতাংশ বন্ধ ছিল। পাশা মালিকরা জানান, সত্ত্বেহে মাত্র এক দিন জ্বালানি সরবরাহ পাওয়া যাচ্ছে। সেই তেলেও কয়েক ঘণ্টার মধ্যে শেষ হয়ে যাওয়ায় বেশির ভাগ সময় পাশ্প বন্ধ রাখতে হচ্ছে। বাংলাদেশে প্ট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশনের (একাশে) সভাপতি নাজমুল হক বলেন, ‘তেলসংকটের ঢাকার বাইরেই বেশি। ঢাকার মধ্যেও পাম্প বন্ধ থাকছে। ঢাকার সংকেতের অনেক পাম্পে ১৫ দিনে একবার তেল দেওয়া হচ্ছে। প্রায় ৪০ শতাংশ পাম্পে মাসে ১৫ থেকে ২০ দিনে একবার তেল দেওয়া হচ্ছে। রাজধানীতেও ৬০ শতাংশ পাম্পে তেল দেওয়া হচ্ছে, তা-ও গত বছর যা দিয়েছে, সেই বারে দেওয়া হচ্ছে। গত বছরের গাড়ির সংখ্যা আর এই বছরের গাড়ির সংখ্যা তো এক নয়।’ চাহিদামাফিক তেল না পেয়ে গ্রাহকদের দরুণো বাড়ছে। কয়েক ঘণ্টা লাইনে দাঁড়িয়ে তেল না পেয়ে অনেকের মেজাজ হারানোয়। ঝগড়াঝাটি নেমিভিক ঘটনায় পরিণত হয়েছে। গতকালের পলিকারও খবর রয়েছে, নাটোরের বড়াইগ্রামে তেল সরবরাহে দেরি হওয়াকে কেন্দ্র করে একটি ফিলিং স্টেশন ভাঙচুর করা হয়েছে। মধ্যপ্রাচ্য যুদ্ধের অবসান এবং জ্বালানি তেলের স্বাভাবিক সরবরাহের বিষয়টি এখনো অনিশ্চিত। তা সত্ত্বেও দেশের পরিবহনব্যবস্থাকে সচল রাখা অত্যন্ত জরুরি। তা না হলে বাজার অস্থাবরতা হবে। মানুষের দরুণো বাড়বে। বিকল্প উৎস থেকে তেল আমদানি বাড়ানোর পাশাপাশি জ্বুদদারি ও চোরাজালানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।

### মন্ত্রী-প্রতিমন্ত্রীদের দেশ-বিদেশ

নির্দেশাবলি জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। এতে বিমানবন্দর থেকে শুরু করে জেলা ও উপজেলা পর্যায় পর্যন্ত দায়িত্ব ও উপস্থিতির বিষয়গুলো স্পষ্ট করা হয়েছে। সোমবার মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের দেশ-বিদেশে সফরকে ঘিরে অনুসরণীয় র‍্যট্টিচার (প্রটোকল) সংক্রান্ত নির্দেশাবলি প্রকাশ করা হয়, যা গত ১৬ এপ্রিল মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারি করা হয়। মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীদের বিদেশ গমন ও দেশে ফেরার সময় মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব/মুখ্য সচিব বিমানবন্দরে উপস্থিত থাকবেন। দেশের অভ্যন্তরে সফরকালে মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর অভিযাত্রা অনুযায়ী তার ঢাকা ভ্রাণ ও প্রত্যাবর্তনহলে মন্ত্রণালয়/বিভাগের মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী একান্ত সচিব উপস্থিত থাকবেন। জেলা সদরে যথাসম্ভব জেলা প্রশাসক ও পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের স্থানীয় পর্যায়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর আগমন ও বিদায়ের স্থানে অভ্যর্থনা ও বিদায় সর্বের্থনা জানানবেন। জেলা সদরে উপস্থিত থাকার জন্য জেলা প্রশাসক বা পুলিশ সুপারের নিজের সরকারি সফর বাজিল বা পরিবর্তন করার প্রয়োজন হবে না। এ ক্ষেত্রে জ্যেষ্ঠ অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত পুলিশ সুপার অভ্যর্থনা ও বিদায় সর্বের্থনা জানানবেন। মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী ইচ্ছা প্রকাশ করলে জেলা প্রশাসক বা পুলিশ সুপার তার সফরসূচি বাতিল করবেন। উপজেলা সদর বা উপজেলার অন্য কোনো স্থানে মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সফরকালে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের স্থানীয় পর্যায়ের জ্যেষ্ঠতম কর্মকর্তা মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীকে অভ্যর্থনা ও বিদায় সর্বের্থনা জানানবেন। আবহালা না হলে জেলা প্রশাসক কিংবা পুলিশ সুপারের এক্ষেত্রে উপস্থিত থাকার প্রয়োজন নেই। আগমন ও প্রস্থানের সময় আবহালা না হলে বিমানবন্দর বা রেলওয়ে স্টেশনে ঢাকা/উচ্চাঙ্গ/কল্জাজার/ঘণেশের জেলা প্রশাসকের উপস্থিত থাকার প্রয়োজন নেই। যশোর ও কল্জাজারের পুলিশ সুপার/মেট্রোপলিটন পুলিশ কমিশনারের ক্ষেত্রেও এটি প্রযোজ্য। কোনো জেলা/উপজেলায় আগমন/প্রস্থানের সময় আশপাশের জেলার বিমানবন্দর/রেলস্টেশন ট্রানজিট হিসেবে ব্যবহৃত হলে ট্রানজিট স্থানে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকবেন। বিভাগীয় কমিশনার, সদরদপ্তরে উপস্থিত থাকলে মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর আগমনের পর সৌজন্যমূলক সাক্ষাৎ করতে পারেন। মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সফরসূচি পাওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার নিরাপত্তার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। রেলযোগে ভ্রমণের ক্ষেত্রে মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সফরসূচি পাওয়ার সঙ্গে সঙ্গে রেলওয়ে পুলিশ সুপার তৎক্ষণাৎ সংশ্লিষ্ট রুটের সকল পুলিশ স্টেশন/ফাঁড়িকে অবহিত করবেন। যে স্টেশনে ট্রেন থেকে অবতরণ এবং ট্রেনে পুনরায় আরোহণ করবেন বা কোনো জংশনের যে স্থানে ট্রেন বদলের প্রয়োজন হবে সেসব স্থানে পুলিশকে একজন পরিদর্শক/উপপরিদর্শক উপস্থিত থাকবেন। এছাড়াও রেলযোগে চট্টগ্রামে গমন ও প্রস্থানের সময় সেখানে চট্টগ্রাম রেলওয়ের পুলিশ সুপার উপস্থিত থাকবেন। সাধারণ নির্দেশাবলি- মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীদের সফরসূচি সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে যথাসময়ে পাঠাতে হবে। সফরসূচিতে কোনো পরিবর্তন হলে তাও যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে জানাতে হবে। সার্বিক হাউজ/সরকারি রেস্ট হাউজ ছাড়া নিজ বাড়ি কিংবা অন্যত্র অবস্থানে ক্ষেত্রেও র‍্যট্টিচার সংক্রান্ত বিদ্যমান নির্দেশাবলি প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার নিরাপত্তার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সফরসূচি প্রণয়নের সময় সফরটি, সরকারি নাকি ব্যক্তিগত তা মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীদের দপ্তর থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের জানাতে হবে। সরকারি সফরের সময় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীদের জন্য যানবাহন ও বাসস্থানের ব্যবস্থা করা হবে। ব্যক্তিগত সফরের জন্য যানবাহন ও বাসস্থানের ব্যবস্থা করা হলে এ সংক্রান্ত সেবার মূল্য পরিশোধের প্রচলিত নিয়ম প্রযোজ্য হবে। মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব/সহকারী একান্ত সচিবগণ মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর ইচ্ছা অনুযায়ী এ সংক্রান্ত দায়িত্ব পালন করবেন। এর আগে ২০২৪ সালের ২৭ আগস্ট এ সংক্রান্ত জারি করা নির্দেশাবলির জায়গায় নতুন এই নির্দেশাবলি কার্যকর হবে বলেও জানানো হয়েছে।

### জ্বালানি পরিস্থিতি এ মুহূর্তে

করেছেন বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি বলেন, সরকার জ্বালানি পরিস্থিতি নিয়ে যে তথ্য দিচ্ছে তার সঙ্গে বাস্তবের কোনো মিল নেই। জনগণের প্রতিনিধি হিসেবে এই সংকেত চূপ থাকা সময়ে সদস্যদের জন্য দুর্ভাগ্যজনক। সোমবার (২০ এপ্রিল) জাতীয় সংসদে জ্বালানি সংকট নিয়ে আলোচনার জন্য একটি মূলতবির প্রস্তাব করেন বিরোধীদলীয় নেতা। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। বক্তাব্যবর শুরুতেই শফিকুর রহমান বলেন, দেশের মানুষ প্রত্যাশা করছে এই সংসদে জ্বালানি সংকট নিয়ে আলোচনা হবে। এটি এখন দেশের সবচেয়ে বড় সমস্যা। কিন্তু আমরা এই গুরুত্বপূর্ণ বিষয়টি আলোচনা করতে পারছি না, এটা কি আমাদের জন্য দুর্ভাগ্য নয়? তিনি বলেন, পত্রিকার রিপোর্ট বা সামাজিক যোগাযোগমাধ্যমের বাইরে আমি নিজে বাস্তবে পরিস্থিতি বোঝার চেষ্টা করছিছি এবং দেশেছি সাধারণ মানুষের মধ্যে কতটা অসন্তোষ বিরাজ করছে। তিনি আরও বলেন, সংসদের প্রতিটি সেকেন্ড ব্যয় হচ্ছে জনগণের ট্যাক্সে টাকায়। এই প্রতিষ্ঠান জনগণের সম্পদ দিয়ে গড়া।

আমরা এখানে নিজেদের প্রয়োজনে আসিনি, জনগণ তাদের প্রয়োজনে আমাদের পাঠিয়েছে। যদি জনগণের এই চরম দরুঁতোগের সময় তাদের কথাগুলো সংসদে বলতে না পারি, তবে এখানে থাকার কোনো সার্থকতা নেই। সরকারের পরিসংখ্যান ও বক্তাব্যবের সমালোচনা করে বিরোধীদলীয় নেতা বলেন, সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে যে বিবৃতি দেওয়া হয়েছে, আমি বাস্তবের সঙ্গে তার কোনো মিল খুঁজে পাইনি। একদিকে সংসদে বলা হচ্ছে তেলের কোনো সংকট নেই, অন্যদিকে সংসদের বাইরে তেলের জন্য মানুষ হাহাকার করছে। সংকট আছে বলেই আজ হাইকোর্টের মতো সংবেদনশীল জায়গায় ভাওয়ালি কাজ করতে হচ্ছে। শফিকুর রহমান বলেন, আমরা বুঝি এটি একটি গ্লোবাল মেটার এবং যুদ্ধ পরিস্থিতির কারণে সমস্যা হচ্ছে। আমরা বারবার বলছি আমরা সবাই মিলে এখানে কন্ট্রিবিউট করতে চাই। পরিস্থিতি সহজ করার জন্য আমাদের মতামত দিতে চাই। কিন্তু সব দায়িত্ব যদি শুধু সরকারি দলই পালন করে, তবে আমরা ন্যায়িক বা জনপ্রতিনিধি হিসেবে দায়বদ্ধতা পালন করবো কিভাবে?

### পরীক্ষার্থীরা হাসিমুখে কেন্দ্রে

‘পরীক্ষার্থীবাঙ্কর’ হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এছানুল হক মিলন। তিনি বলেন, ছাত্র-ছাত্রীদের মন থেকে পরীক্ষাভীতি দূর করাই সরকারের লক্ষ্য। অভিভাবকদের বলবো সন্তানদের নিয়ে অকারণে আতঙ্কিত না হয়ে তাদের পাঠে থাকবেন। এবার পরীকার কেন্দ্রগুলোতে সহনশীল ও পরীক্ষার্থীবান্ধব পরিবেশ নিশ্চিত করা হবে। মন্ত্রী বলেন, আমরা চাই পরীক্ষার্থীরা বিনা দেশনেহে হাসিমুখে পরীক্ষাকেন্দ্রে আসবে, শান্তিপূর্ণ পরিবেশে উত্তরণে লিখবে এবং হাসিমুখে পরীক্ষাকেন্দ্র ত্যাগ করবে। সোমবার (২০ এপ্রিল) দুপুরে সভাকক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিবকে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, আমরা অবহিত আছি যে, এবারের এসএসসি ব্যাচ করোনাবিহীনরাস পরিস্থিতির কারণে প্রাথমিক ও জুনিয়র উভয় বৃত্তি পরীক্ষা থেকে বঞ্চিত হয়েছে। ফলে এসএসসি পরীক্ষাই তাদের জীবনের প্রথম ও পূর্ণ সিলেবাসের পাবলিক পরীক্ষা। এ কারণে পরীক্ষার হল যেনে পরীক্ষার্থীবান্ধব থাকে, সেটা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবাইকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। অন্তর্বর্তী পরীক্ষাই এবারের প্রশ্নপত্র প্রণয়ন করে গেছে জানিয়ে মন্ত্রী বলেন, প্রশ্নপত্রের কোনো অংশে দুর্বৈধ্যতা থাকলে তা নিরাসনে সহায়তা করা হবে। উত্তরণে মূল্যায়নের ক্ষেত্রেও অহেতুক কঠোরতা আমাদের লক্ষ্য নয়। কোনো পরীক্ষার্থী যেন তার প্রাণ্য মূল্যায়ন থেকে সামান্যতম বঞ্চিত না হয়, সেটা নিশ্চিত করতে হবে। সবদান সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা মাহদী আমিন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মার্ডি) মহাপরিচালক অধ্যাপক ড. খান মইনুদ্দীন আল মাহমুদ খোদেল প্রমূখ।

### আমাদের লক্ষ্য দেশের মানুষের

সরকার সংস্কার কমিশন গঠন করেছে। জনগণের পক্ষ থেকে আমরা আমাদের স্বচ্ছ প্রস্তাবনা সেখানে জমা দিয়েছি। আমরা বদসময় বলি, আমরা যা করবো স্বচ্ছভাবে করবো, কোনো লুকাচুরি নেই। গণতন্ত্রে মতের পার্থক্য থাকবেই, কিন্তু আমাদের লক্ষ্য দেশের মানুষের উন্নয়ন। সোমবার (২০ এপ্রিল) বিকেলে বগুড়ার প্রতিহাসিক আলতাহুদ্রোজ খেলার মাঠে আয়োজিত এক জনসভায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো নিজ জেলা সফরে আসা তারেক রহমান বিকেল ৫টায় ডব্লি জা, জুবাইদ রহমানকে সঙ্গে নিয়ে জনসভা আয়োজিত করে। এই সফরেই তিনি বগুড়াকে দেশের ১৩তম সিটি করপোরেশন হিসেবে অনুষ্ঠানীয় উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী বলেন, যখন খেরায়নের ভরা অন্য কোনো রাজনৈতিক দল ‘সংস্কার’ এর ‘শ’ শব্দটিও উচ্চারণ করার সাহস পায়নি, তখন বাংলাদেশে জাতীয়তাবাদী দল ৩১ মফা সংস্কার কর্মসূচি দিয়েছিল। কারণ আমরা দেখেছিলাম কীভাবে গত ১৬ বছরে দেশের স্বাস্থ্য, শিক্ষা, ব্যাব্যবিক ও যোগাযোগ ব্যবস্থা ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে যাওয়া হয়েছিল। মেগা প্রকল্পের নামে বেবল লুটচুরি আর দুর্নীতি করা হয়েছে। দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে সরকারের গৃহীত পদক্ষেপের কথা হুগলে ধরে তিনি বলেন, বিএনপি অপারেশনে যে প্রতিশ্রুতি দিয়েছিল, আমরা পর্যায়ক্রমিকভাবে তার প্রত্যেকটি কাজ শুরু করেছি। ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড এবং ইহাম-মুসলিমদের সমানীর ব্যবস্থা করা হচ্ছে। এবার কাজ বাস্তবায়ন হয়ে দেশের খেটে খাওয়া মানুষ সরাসরি উপকৃত হবে। রত্নখতিতি ও কর্মসংস্থান নিয়ে তারেক রহমান আরও বলেন, স্বল্প খরচে দেশের তরুণ সমাজের জন্য বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করতে আমরা বিভিন্ন দেশের সঙ্গে যোগাযোগ শুরু করেছি। ইনস্যান্ডারিজ, নিগপির আদানায় বিশ্বাস পাবেন। এছাড়াও শহীদ রঈপ্তি জিয়াউর রহমানের স্মরণার্থে ‘খাল খনন কর্মসূচি’ আমরা আবার দেনব্যাপী শুরু করবো। আগামী পাঁচ বছরে ২০ হাজার কিলোমিটার খাল খনন করার পরিকল্পনা আমাদের রয়েছে, যাতে কৃষকের ফসল রক্ষা পায় ও খরা মৌসুমে পানির অভাব না হয়। এর আগে সকালে ঢাকা থেকে সড়কপথে বগুড়ায় পৌছান প্রধানমন্ত্রী। দিনভর কর্মসূচির অংশ হিসেবে তিনি জেলা জজ আদালতে নবনির্মিত ভবন ও ‘ই-বেইল বর্ড’ কার্যক্রমের উদ্বোধন, এরপর বহুল প্রতীক্ষিত বগুড়া সিটি করপোরেশনের নামফলক উন্মোচন শেষে গাজত্রায় বাগবাড়ীতে পৈকত ভিটা পরিদর্শন এবং শহীদ জিয়াউর রহমান গ্রাম হাসপাতালে জাতীয় চিকাদান কর্মসূচি, ফ্যামিলি কার্ড ও খাল খনন কার্যক্রমের উদ্বোধন করেন। সন্ধ্যায় বগুড়া প্রেস ক্লাবের নতুন ভবন উদ্বোধন শেষে তিনি ঢাকার উদ্দেশে রওনা হন।

### বরিশাল বিশ্ববিদ্যালয় ‘একাডেমিক

এবং ইউজিসি চেয়ারম্যানের সঙ্গেও যোগাযোগ অব্যাহত আছে। আশা করছি, এ বিষয়ে একটি সুন্দর সমাধানে পৌছানো সম্ভব হবে।’ শিক্ষক সমাজের দাবি, বিশ্ববিদ্যালয়ে প্রক্টরার পর থেকে সিভিকিট অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের ভিত্তিতেই পেনদ্রাতি কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। ইউজিসির সাংস্রতিক নির্দেশনায় সেই প্রক্রিয়া জটিলতায় পড়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে আরো উল্লেখ করা হয়, বর্তমানে বিশ্ববিদ্যালয়ে তীব্র শিক্ষক সংকট রয়েছে। ২৫টি বিভাগের অনেকগুলোতেই মাত্র ৩ থেকে ৪ জন শিক্ষক দিয়ে একাধিক ব্যাচে পাঠদান চলছে। ইউজিসি অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী অধ্যাপক ও সহযোগী অধ্যাপকের ৫১টি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। শিক্ষক সমাজ জানায়, উচ্চত পরিস্থিতি নিরসনে কার্যকর উদ্যোগ না নেওয়ায় তারা এই কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হয়েছেন। বিজ্ঞপ্তিতে ১০২ জন শিক্ষক স্বাক্ষরের মাধ্যমে এ কর্মসূচির প্রতি সহংতি জানিয়েছেন।

### জ্বালানি সংকটের জন্য বিগত

বলেন, রঈষ্ট কাঠামোকে নতুন করে মেরামত করতে চায় তারেক রহমানের সরকার। এই রঈষ্ট এবং রাজনৈতিক সংস্কার করতে না পারলে চলমান সংকট থেকে মানুষকে উদ্ধার করা যাবে না। তিনি আরও বলেন, দশকে পর্যাপ্ত পরিমাণ গ্যাস থাকলে বিগত সরকার কীণ ব্যবসার স্বার্থে গ্যাস উত্তোলনের কোনো কর্মকর্তা না নিয়ে জ্বালানি আমদানি নির্ভর একটি রঈটন তৈরি করেছিল। আজকে দেশে নিজস্ব গ্যাস উৎপাদনের সম্ফতা থাকলে হেমুজ প্রণালীর এই সমস্যায় পরতে হতো না দেশকে। ফমন্ত্রী বলেন, জনসেবা দেওয়ার জন্যই গণমাধ্যম। তথ্য পাওয়ার ক্ষেত্রে কোনো বাধা যাতো না আসে সেই দায়িত্ব পালন করতে হবে গণমাধ্যমকে। টিকা কার্যক্রমের উদ্যেধনী অনুষ্ঠান উপলক্ষে সুধী সমাবেশে তিনি বলেন, শুধু ক্ষমতার জন্যই বিনিয়াদন সচেঠ ছিল না, যেহেতু ক্ষমতাকে জনগণের সেবার কাজে লাগাতে চায় সেকারবেই দূর্বল রাষ্ট্রে সেই ক্ষমতাকে জাতির সামনে উল্লিখই ভুলে ধরা হয়েছে এবং তাহে সংস্কার করার অপ্রিহৃত্তিও দিয়েছে বিনিয়াদি সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক ডা. শামুল কৃষ্ণ মন্ডল। অনুষ্ঠানটি সম্বালনা করেন গৌলকার্ভা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. গোলাম মোর্শেদ সজীব। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক খারুল্ল খান, সুনম, বরিশালের পুলিশ সুপার এ.জেড.এম মোস্তাফিজুর রহমান, সিভিল সার্জন এস এম মঞ্জুরে এলাহী, আগিলেবাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিখন বনিক। উল্লেখ্য, বরিশালের আটটি উপজেলায় ১০ লাখ ৬২ হাজার ৫৪০ জনকে হাামের টিকার লক্ষ্যমান নির্ধারণ করা হয়েছে। ৮

হাজারের অধিক কেন্দ্রে এই টিকা দেওয়া হবে। বরিশাল বিভাগে চলতি বছরে ১ হাজার ৯৯০ জন শিশু হামে আক্রান্ত হয়েছে। এর মধ্যে ১৯ জন শিশু মারা গেছে।

### আজ এসএসসি পরীক্ষায় বসছে

বিভাগ-১ বরিশালের চাহিদা ৭৮ দশমিক ৫ মেগাওয়াট হলেও সরবরাহ মিলছে ৫০ মেগাওয়াট, যা কখনো কখনো ৪০ মেগাওয়াটে নেমে আসে। অন্যদিকে বিক্রয় ও বিতরণ বিভাগ-২ বরিশালের চাহিদা ৩৯ মেগাওয়াটের বিপরীতে সরবরাহ হচ্ছে মাত্র ২০ মেগাওয়াট। ওজোপাড়িকা-২ বরিশালের নির্বাহী প্রকৌশলী মো. মঞ্জুল্ল ইসলাম বলেন, চাহিনার তুলনায় অর্ধেকেরও কম বিদ্যুৎ সরবরাহ পাওয়ায় এই সংকট তৈরি হয়েছে। উৎপাদন না বাড়ালে পরিস্থিতির উন্নতি সম্ভব নয়। বিভাগের ছহাটি জেলা ও উপজেলায় বিদ্যুৎ সরবরাহ করে ওজোপাড়িকা ও পষ্টী বিদ্যুৎ সমিতি। এসব প্রতিষ্ঠানের গ্রাহক সংখ্যা ২৬ লাখেরও বেশি। এই তীব্র লোডশেডিংয়ের মধ্যেই বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় বসছেন ৮১ হাজার ৮৩৩ জন পরীক্ষার্থী। এর মধ্যে নিয়মিত ৬২ হাজার ৯ জন ও অনিয়মিত পরীক্ষার্থী রয়েছেন ১৯ হাজার ৮২২জন। মোট এক হাজার ৫১৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের এসব পরীক্ষার্থীরা ২১৬টি কেন্দ্রে পরীক্ষা দেনেন। এ ছাড়াও জেলাভিত্তিক পরীক্ষার্থী সংখ্যা প্রকাশ করা হয়েছে। সোমবার বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের একটি সূত্র এ তথ্য জানিয়েছে। সূত্র জানায়, পরীক্ষা উপলক্ষে মোট ভিজিলেপ টিম রয়েছে ৮০টি। প্রতিটি টিমে সদস্য সংখ্যা থাকবে ২জন। এসএসসি পরীক্ষাবিদের মধ্যে ছাত্র ৩৭ হাজার ৯৪৪ জন ও ছাত্রী রয়েছেন ৪৩ হাজার ৮৮৭ জন। সূত্র আরো জানায়, এছাড়াও শিক্ষাবোর্ডের কর্মকর্তাদের নিয়ে বিশেষ ভিজিলেপ টিম থাকবে। শিক্ষামন্ত্রণালয় এই বোর্ডের জন্য ১০ সদস্য বিশিষ্ট টিম কাজ করবেন। শিক্ষা বোর্ডে অনিয়মিত আকস্মিকভাবে প্রয়োজনীয় সংযাক কেন্দ্র ভিজিট করবে। না বিভাগ ভিত্তিক হিসেবে বিজ্ঞান বিভাগে ২৪ হাজার ১২১ জন পরীক্ষার্থী রয়েছেন। মানবিক বিভাগে ৪৯ হাজার ৪৩৮ জন। ব্যবসায় শিক্ষা বিভাগে ৮২৭২ পরীক্ষার্থী রয়েছেন। জেলা ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যা: বরিশাল জেলায় ২৬ হাজার ৫২৯ জন, ভোলায় ১৪ হাজার ৫৬৯ জন, পটুয়াখালীতে ১৫ হাজার ৭৩৯ জন, বরগুনা ৮ হাজার ৭৫৪ জন, পিরোজপুরে ১০ হাজার ২৬৮ জন, ঝালকাঠিতে ৫ হাজার ৯৭৪ জন পরীক্ষার্থী।

### ভবিষ্যৎ প্রজন্মকে তৈরি করতে রাষ্ট্রের

গৌবর দেখা যায়, তা হয়ত সম্ভব হতো না যদি জিয়াউর রহমান ত্বর ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাধ্যমে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতার পথ নুঁত না করতেন। মন্ত্রী বলেন, যারা বিগত দিনে ক্ষমতায় ছিলেন, শাসন করেছেন, তাদের প্রত্যেকেরে লুটপাট ছাড়া আর কোথাও কোনো মনোযোগ ছিল না। তাই আমাদের সন্তানদের শিক্ষা এবং শিক্ষার বহির্ভূত কর্মকাণ্ডকে পৃষ্ঠপোষকতা দেওয়া রইল, সমাজের এবং সরকারের দায়িত্ব। তিনি বলেন, তারেক রহমানের নেতৃত্বাধীন বর্তমান সরকারের বয়স মাত্র দুই মাস। এই এই সময়ের মধ্যে আমরা যতগুলো কাজকে অগ্রাধিকার দিয়েছি তার মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে ক্রীড়া এবং সংস্কৃতি। আমরা বলেছি- খেলাধুলাকে আমরা এমন জায়গায় নিয়ে যাব, খেলোয়াড়রা যেন এটাকে পেশা হিসেবে নিতে আগ্রহী হয়। ক্রীড়া জগৎ, সুস্থ বর্তমান জগৎ আমাদের লক্ষ্য। উল্লেখ্য, দীর্ঘ ১২ বছর পর বরিশাল আউটার স্টেডিয়ামে দ্বিতীয় বিভাগ ফ্রিকিটে লীগ শুরু হয়েছে। লীগে এবার ৮ টি ক্রুপে মোট ২০ টি দল অংশ নিচ্ছে।

### দৌলতখানে কোস্টগার্ডের হাতে অস্ত্র

আটককৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। বিভাগ্য কর্মকর্তা আরও বলেন, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে কোস্ট গার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতে অব্যাহত থাকবে।

### জেলেদের চাল বিতরণে অনিয়মের

মন্ত্রণালয় তদন্ত কমিটিতে দ্রুততম সময়েও মধ্যে প্রকৃত ঘটনা উদ্ঘাটন করে দায়ীদের চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ প্রদান করতে নির্দেশনা দিয়েছে। মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে সরকারি সহায়তা যথাযথভাবে প্রকৃত উপকারভোগীদের নিকট পৌছে দেওয়ার জন্য কঠোর নির্দেশনা প্রদান করেছে।

### ভাণ্ডারিয়ায় জ্বালানি তেল সরবরাহ

সম্পাদক মো.মিনির হোসেনি আকন,পৌর বিএনপির আহায়ক আব্দুল মন্মান্ন হাওলাদার,জ্বালানি তেলের ডিলারগণ, ট্যাগ অফিসারবৃন্দ এবং সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তারাগণ। সভায় জ্বালানি তেল বিক্রয়ে শৃঙ্খলা আনতে ব্যবসা প্রতিষ্ঠানে ব্যব্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানো, বিক্রয় সংক্রান্ত রেকিস্টার সরেক্ষণ, দুর্পাণ্ডারর গাড়িতে তেল বিক্রি না করা, সফল ডিলারের জন্য একযোগে তেল বিক্রির নির্ধারিত সময় চালু করা এবং রেকিস্ট্রেশনবহীন গাড়িতে তেল বিক্রি না করা এবং কোনো ডিলার বা ব্যবসায়ী যাতে কৃত্রিম সংকট সৃষ্টি, অতিরিক্ত মূল্য আদায় কিংবা অনিয়ম করতে না পারে সেজন্য নিয়মিত তদারকির নওয়াসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়া ও গতকাল সোমবার পরিকল্পা ভাণ্ডারিয়া পৌর সভার উদ্যোগে পৌর অডিটরিয়ামে পরিকার বিকল্পে ভাণ্ডারিয়া অংশীজনের সাথে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল হাসানের সভাপতিত্বে উপস্থিত পৌর সভার ৯টি ওয়ার্ডের বিভিন্ন পর্যায়ের অংশীজনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। পৌরসভাকে পরিকার পরিকল্পা রায়ার জন্য সকলে একাবদ্ধ ভাবে কাজ করার আহবান জানানো হয়।

### প্রবাসী আয় ১৯ দিনে

ঈদকে কেন্দ্র করে কোরবানির পণ্ড কেনা ও পরিবাসের বাড়তি খরচের কথা চিন্তা করে দেশে অতিরিক্ত অর্থ পাঠাচ্ছেন প্রবাসীরা। এর ফলে রেমিট্যান্স প্রবাহে চাড়াভাব লক্ষ্য করা যাচ্ছে। ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভে ইতিবাচক প্রভাব পড়ছে। কেন্দ্রীয় ব্যাংকের সবশেষ তথ্য বলেছে, চলতি এপ্রিলের প্রথম ১৯ দিনে ২১১ কোটি ৭০ লাখ মার্কিন ডলারের রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা। বাংলাদেশি মুদ্রায় বর্তমান বিনিয়ম হার হিসাবে প্রতি ডলার ১২২ টাকা ৭০ পয়সা ধরে) এই অঙ্ক ২৬ হাজার কোটি টাকার বেশি। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুযায়ী, সেল মার্চ মাসে প্রবাসীরা পাঠিয়েছেন ৩৭৫ কোটি ৫০ লাখ মার্কিন ডলার। এটিই দেশের ইতিহাসে একক মাসে সর্বোচ্চ রেমিট্যান্স। তার আগে ফেব্রুয়ারির মাসে প্রবাসী বাংলাদেশিরা ৩০২ কোটি না ৩ দশমিক ০২ বিলিয়ন ডলার পাঠিয়েছিলেন। চলতি ২০২৫-২৬ অর্থবছরের জুলাই থেকে ১৯ এপ্রিল পর্যন্ত দেশে দুই হাজার ৮৩৪ কোটি মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন; যা আগের অর্থবছরের তুলনায় ২০ দশমিক ৬ শতাংশ বেশি। আগের অর্থবছরে একই সময় রেমিট্যান্স এসেছিল দুই হাজার ৩৫০ কোটি মার্কিন ডলার।

### ১১ দলের প্রার্থী চূড়ান্ত: জামায়াত

অনুযায়ী এই জোট মোট ১৩টি সংরক্ষিত নারী আসন পাচ্ছে। অনুযায়ী দল হিসেবে জামায়াতে জনা বরাদ্দ ১১টি। বাকিগুলো অন্য জোটসঙ্গীদের। নূরুন্নেসা সিন্ধিকা বলেন, ‘আমাদের ১১টি আসনের আটটিতেই আওয়াদ দল থেকে প্রার্থী দিয়েছি। জোটের স্বার্থে তিনটি আসন ছেড়েছি। সেখানে একজন জুলাই শহীদের মা রয়েছে।’ নূরুন্নেসা সিন্ধিকা জানান, এ বিষয়ে মঙ্গলবার (২১ এপ্রিল) রাজধানীর আগারগাঁয়ে তারা সবাই বসবেন। সেখানে বিস্তারিত জানানো হবে। মনোনয়ন পেলেনা যারা- জামায়াতের কেন্দ্রীয় মহিলা বিভাগের সেক্রেটারি নূরুন্নেসা সিন্ধিকা, সহকারী সেক্রেটারি মারজিয়া বেগম, আইন ও মানবাধিকার বিষয়ক সম্পাদক সাবিকুন নাহার মল্লী, ডায়েমিডিল ইন্টারন্যাশনাল ইন্সটিটিউটটির শিক্ষক ও মহিলা বিভাগের সদস্য মারদিয়া মমতাজ, মহিলা বিভাগের সদস্য নাজমুন নাহার নীলু, সিলেটের

নেত্রী মাহফুজা সিন্ধিকা, বগুড়ার নেত্রী ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান সাজেদা সামাদ এবং খুলনা মহানগরীর সেক্রেটারি সামসুন নাহার। এছাড়া জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নারী সংগঠন জাতীয় নারীশক্তির আহ্বায়ক মনিরা শারমিন ও সদস্যসচিব মাহমুদা আলম মিত্ত, জাগণার চেয়ারম্যান তাসমিয়া প্রধান, বাংলাদেশ খেলাফত মজলিসের নারী মজলিসের সদস্য মাহবুবা হাকিম এবং জুলাই শহীদ শিশু জাবির ইব্রাহিমের মা রোকেয়া বেগম মনোনয়ন পেয়েছেন।

## বরিশালসহ চার বিভাগে

পাবনা, চুয়াডাঙ্গা, যশোর ও কুষ্টিয়া অঞ্চলে তাপমাত্রা অনেক বেড়ে যেতে পারে। এ সময় দেশের কিছু কিছু জেলায় তাপমাত্রা ৪০ক্ষ সেলসিয়াস ছাড়িয়ে যেতে পারে। সংস্থাটির তথ্যানুযায়ী, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, বগুড়া, কুষ্টিয়া, মেহেরপুর, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, যশোর, মাগুরা, নড়াইল, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, গোপালগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, মাদারীপুর, চাঁদপুর, কুমিল্লা, পটুয়াখালী, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, রাঙামাটি ও খাগড়াছড়ি এলাকায় দিনের তাপমাত্রা ৩৬ক্ষ থেকে ৩৯ক্ষ সেলসিয়াসের মধ্যে ওঠানামা করতে পারে। তবে খুলনা ও রাজশাহী বিভাগের দু-একটি জায়গায় তাপমাত্রা ৪০ক্ষ সেলসিয়াস পর্যন্ত পৌঁছাতে পারে। বিভিড্রিউওটি জানায়, তীব্র গরমে সাধারণ মানুষের স্বাস্থ্যঝুঁকি, বিশেষ করে হিটস্ট্রোকের আশঙ্কনা বেড়ে যায়। এজন্য কিছু সতর্কতা অবলম্বন করতে হবে। যেমন, দুপুর ১২টা থেকে বিকেল ৩টা পর্যন্ত যখন রোনের তীব্রতা সবচেয়ে বেশি থাকে, তখন প্রয়োজন ছাড়া বাইরে না বের হওয়া ভালো। দিনের বেলা ঘরে বা অপেক্ষাকৃত শীতল স্থানে অবস্থান করার চেষ্টা করুন। শরীর সতেজ রাখতে প্রার পরমাণে বিশুদ্ধ পানি পান করতে হবে। ফ্রিজের অতিরিক্ত কনকনে ঠাণ্ডা পানি পান করা থেকে বিরত থাকতে হবে। কারণ ঠাণ্ডা পানি শরীরের জন্য ক্ষতির কারণ হতে পারে।

### দুনীতি করে শিক্ষা মন্ত্রণালয়ে কেউ

## ২৪ ঘণ্টা থাকতে পারবে না

কীর্তনখোলা ডেস্ক
দুনীতি করে কেউ শিক্ষা মন্ত্রণালয়ে ২৪ ঘণ্টা থাকতে পারবে না বলে মন্তব্য করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আ ন ম এছানুল হক মিলন। সোমবার (২০ এপ্রিল) সিবিলানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমানন পরীক্ষা উপলক্ষে সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। এসময় প্রধানমন্ত্রীর শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টা এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্যপ্রাে মাহদী আমিন উপস্থিত ছিলেন। একজন সাংবাদিকের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, আমি ওই মন্ত্রী, এই মন্ত্রণালয়ে যে দুনীতি করবে ২৪ ঘণ্টা থাকতে পারবে না। আমি তা করেছি, এখনো করছি। কয়েকজনকে বিদায় দিয়েছি। তিনি জানান, জানুয়ারিতে এসএসসির কোর্স শুরু করে ডিসেম্বরে কোর্স শেষ হয়। কোর্স শেষ করে পরীক্ষা নেওয়া হবে। ডিসেম্বরে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্তটি কবে নাগাদ বাস্তবায়ন হবে। এটি কি আগামী বছর, নাকি ২০২৮, ২০২৯ সাল শুরু হবে। জানতে চাইলে মন্ত্রী বলেন, কেন ২০২৮, ২০২৯, ২০২৭ বরষে? জানুয়ারি মাসে সিলেবাস দিয়ে ক্লাস শুরু হয়নি? তখন সাংবাদিকেরা বলেন ‘হয়েছে’। মন্ত্রী আবার বলেন, হ্যাঁ, কিছুটা ব্যত্যয় ঘটেছে, সেজন্য ক্লাস সত্ত্বেহে ছয় দিন হয়েছে।...সিলেবাস ডিসেম্বরে শেষ হবে নাকি? জানুয়ারিতে ক্লাস শুরু হয়ে ডিসেম্বরে শেষ হতে হবে। তখন মন্ত্রীর কাছে আরও স্পষ্ট হওয়ার জন্য সাংবাদিকেরা জানতে চান আগামী এসএসসি পরীক্ষা এই ডিসেম্বরে হবে কি না। জবাবে মন্ত্রী বলেন, কোর্স শেষ হবে কবে? তখন সাংবাদিকেরা বলেন ‘ডিসেম্বরে’। জবাবে মন্ত্রী বলেন, জানুয়ারিতে কোর্স শুরু করে ডিসেম্বরে শেষ হবে। তাহলে কোর্স শেষ হলে পরীক্ষা নেবো, এটা জানা আর না জানার কী হলো? সাংবাদিকদের অন্য এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, যদি ডিসেম্বরে কোর্স শেষ হয় তাহলে তাদের জীবন থেকে এক বছর নষ্ট করা হবে কেন? তখন সাংবাদিকেরা আরও জানতে চান, আগামী এসএসসি পরীক্ষাটি কি তাহলে ডিসেম্বরে হবে? জবাবে শিক্ষামন্ত্রী বলেন, প্রত্যেক পরীক্ষা যে সময় হয়, সেই সময়ে হবে।

</







## মুসলিম দেশগুলোর ঐক্যের আহ্বান পেজেশকিয়ানের

কীর্তনখোলা ডেস্ক

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, যুদ্ধ কারো উপকারে আসে না। মুসলিম দেশগুলোর মধ্যে একা জোরদার করাই বিদেশি ষড়যন্ত্র মোকাবিলা এবং বহিরাগত শক্তির সুযোগ নেওয়া ঠিকানোর সবচেয়ে গুরুত্বপূর্ণ উপায়।

৩ এর পাতায় দেখুন



## নিরাপদ মহাসড়কের দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

মহাসড়কে নিরাপদ যাতায়াতের নিশ্চয়তা, গুরুত্বপূর্ণ পর্যায়ে ফুটওভার ব্রিজ ও স্পিড ব্রেকার নির্মাণের দাবিতে বরিশালের গৌরনদীতে মানববন্ধন ও মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে স্থানীয় বাসিন্দারা।

সোমবার (২০ এপ্রিল) বেলা ১১টায় উপজেলার আশোকাঠী

বাসস্ট্যান্ড এলাকায় এক কর্মসূচি পালন করেন তারা। এসময় সড়ক অবরোধের ফলে মহাসড়কের দুই পাশে তীব্র যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে গৌরনদী মডেল থানা ও হাইওয়ে পুলিশের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন।

অবরোধ চলাকালীন সময় বক্তব্য রাখেন উপজেলা বিআরডিবির

চেয়ারম্যান সোহানুর রহমান সোহাগ, পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক মিজানুর রহমান আকবর, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক রুবেল গোমস্তা, যুবদল নেতা এনামুল হক প্রমুখ। এসময় বক্তারা বলেন, মহাসড়কের আশোকাঠী বাসস্ট্যান্ডে বেরোয়া

৩ এর পাতায় দেখুন

## ৬৯ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট দিতে সৌদির তাগিদ

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবে অবস্থানরত ৬৯ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট ইস্যু করার প্রক্রিয়া আরও ত্বরান্বিত করার অনুরোধ জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আবদুল্লাহ জারবির বিন আবিরায়হ। সোমবার (২০ এপ্রিল) স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে বাংলাদেশে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তার অফিস ভবন এক সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ অনুরোধ জানান।



## জ্বালানি সংকটে বন্ধ দেশের একমাত্র কৃষি রেডিও

বরগুনা প্রতিনিধি

জ্বালানি সংকটের কারণে আমতলী উপজেলা তথা দক্ষিণ উপকূল বেষ্টিত জনপদের একমাত্র জনপ্রিয় কৃষি রেডিও বন্ধ ঘোষণা করা হয়েছে। গত ১ এপ্রিল কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ির পরিচালক মো. মশীহুর রহমান স্বাক্ষরিত এক চিঠিতে এ আদেশ দেওয়া হয়। এ খবর ছড়িয়ে পড়লে উপকূলের অন্তত পাঁচ লক্ষাধিক শ্রোতার মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। কর্তৃপক্ষ বলছে, জ্বালানি সংকট শেষ হলে পুনরায় চালু করা হবে। বাংলাদেশের একমাত্র কৃষি রেডিও বন্ধ ঘোষণা করার পর বিপাকে পড়েছেন কৃষক, জেলে, শ্রমজীবী ও সাধারণ মানুষ। আবহাওয়ার পূর্বাভাস, গুরুত্বপূর্ণ তথ্য ও বিনোদন থেকে বঞ্চিত উপকূলের জেলে, কৃষকসহ অন্তত

৩ এর পাতায় দেখুন

**মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে**

**নিউ লাইফ**

**মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড**

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

## বৈশ্বাচার্য্য

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ২১ এপ্রিল ২০২৬ ৯ ০৮ বৈশাখ ১৪৩৩

## বিষখালীর তীরে মানুষের আত্ননাদ

বরগুনা প্রতিনিধি

বরগুনা সদর উপজেলার দক্ষিণ-পশ্চিম প্রান্তে, বিষখালী নদীর তীরে দাঁড়িয়ে আজ যেন নিঃশব্দে কাদছে নলটোনা গ্রাম। প্রতিদিন একটু একটু করে নদী গিলে খাচ্ছে জনপদটি। এখানে ভাঙন শুধু মাটির নয়- এটি মানুষের স্বপ্ন, স্মৃতি আর অস্তিত্ব মুছে ফেলার নির্মম প্রক্রিয়া। পোড়ার নং ৪২ কাগজে-কলমে থাকলেও

বাস্তবে তার কোনো কর্মকর অস্তিত্ব নেই বলে অভিযোগ স্থানীয়দের। নেই কোনো স্থায়ী বাঁধ, জিওব্যাগ, সিসি রক কিংবা টেকসই প্রতিরক্ষা ব্যবস্থা। সরকারি কাগজেও প্রকল্পের বাস্তব কার্যক্রমের স্পষ্টতা মেলে না। অথচ আশপাশের বিভিন্ন এলাকায় নদী রক্ষা প্রকল্প বাস্তবায়ন হতে দেখা যাচ্ছে-

কোথাও ড্রেজিং চলছে নিয়মমাফিক। নলটোনা যেন সেই তালিকার বাইরেই পড়ে আছে। ভাঙনের খতিয়ান প্রতিদিনই দীর্ঘ হচ্ছে। একের পর এক বসতভিটা, উঠান, এমনকি তিন পুরুষের স্মৃতিবিজড়িত জমিও নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। অনেকের হাতে জমির দলিল থাকলেও



## প্রভাবশালীদের দৌরাভ্যো উজাড় হচ্ছে কুয়াকাটার ‘মিনি সুইজারল্যান্ড’

পটুয়াখালী প্রতিনিধি

প্রকৃতির অপরূপ সৌন্দর্যে ঘেরা বাউবন ও ম্যানগ্রোভ অরণ্যে সাজানো কুয়াকাটার চর গল্পামতি সমুদ্রসৈকত, যা একসময় পর্যটকদের কাছে ‘মিনি সুইজারল্যান্ড’ নামে পরিচিত ছিল। আজ স্থানীয় প্রভাবশালীদের দৌরাভ্যো ধীরে ধীরে হারাচ্ছে তার ঐশ্বর্য। অব্যাহে গাছ কাটা ও বন উজাড়ের ফলে শ্রীহীন হয়ে পড়ছে সৈকতের বিস্তীর্ণ এলাকা, কমাচ্ছে জীববৈচিত্র্য, আর হতাশ হয়ে ফিরছেন ভ্রমণপিপাসুরা। দেশের দক্ষিণ প্রান্তে বঙ্গোপসাগরের কোল ঘেঁষে অবস্থিত

৩ এর পাতায় দেখুন

## হিজলায় ১৭ লাখ টাকার চিংড়ির রেণু জন্ম, মেঘনায় অবমুক্ত

মুন্সীরা প্রতিনিধি

বরিশালের হিজলায় প্রায় ১৭ লাখ টাকার গলনা চিংড়ির রেণু জন্ম করেছে মৎস্য অধিদপ্তর। রোববার দিবাগত রাত ১টা থেকে ৩টা পর্যন্ত উপজেলার মেঘনা নদীতে অভিযান চালিয়ে একটি বড় ট্রলারসহ ৫ লাখ ৬০ হাজার চিংড়ির রেণু জন্ম করা হয়। পরে জন্ম করা রেণু মেঘনা নদীতে অবমুক্ত করা হয়েছে। হিজলায় জোট উপজেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ আলম এ তথ্য নিশ্চিত করেছেন। হিজলা উপজেলা মৎস্য দপ্তর জানায়, গভীর রাত্তি্রে মেঘনা নদী দিয়ে গলনা চিংড়ির রেণু পাচার করছিলেন অসাধু ব্যবসায়ীরা। গোপন সংবাদের ভিত্তিতে মৎস্য দপ্তর, উপজেলা প্রশাসন ও হিজলা নৌ পুলিশ নদীতে অভিযান চালায়। পরে রাত ৩টার দিকে বড় একটি ট্রলার থেকে ১৪টি ড্রামে প্রায় ৫ লাখ ৬০ হাজার গলনা চিংড়ির রেণু

৩ এর পাতায় দেখুন

## চরফ্যাশনে ছোট ভাইকে জিম্মি করে অলিখিত স্ট্যাম্পে স্বাক্ষর নেয়ায় মামলা

চরফ্যাশন প্রতিনিধি

ভোয়ার চরফ্যাশন উপজেলার ওমরপুর ইউনিয়নের ৭নম্বর ওয়ার্ডে আপন পিতার মৃত্যুর পর লাল দাফনে বাঁধা ও ছোট ভাইকে জিম্মি করে অলিখিত স্ট্যাম্পে স্বাক্ষর নেয়ার অভিযোগে বড় ভাইদের বিরুদ্ধে আদালতে মামলা করেছে ছোট ভাই। এ ঘটনায় ওই এলাকায় জেলপাড়া শুরু হয়ে গেছে। চরফ্যাশনে নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালতে ভুক্তভোগী ছোট ভাই নুরুল ইসলামের দাখিল করা এমপি -৩৯/২৬ (১৬/০৪/২৬) মামলা সূত্রে জানা গেছে, উপজেলার ওমরপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের বাসিন্দা নুরুল ইসলামের পিতা তেফাজ্জল হোসেন গত ১১এপ্রিল/২৬ ইন্তেকাল করেন। তার ৩ ছেলে, ৫ মেয়ে ও ১ ভী জীবিত রয়েছেন। বাবার মৃত্যুর পর ২ ছেলে মোঃ ইসলামইল নসু ও আবু তাহের বাচ্চু সহানীয় কতিপয় কাড়ার নিয়ে তার লাল দাফনে বাঁধা প্রদান করেন। একই সাথে আপন ছোট ভাই নুরুল ইসলামকে জিম্মি করে জোরপূর্বক ৩টি

৩ এর পাতায় দেখুন



## বাউফলে নারীসহ ৪ মাদক কারবারি আটক, গাঁজা-ইয়াবা উদ্ধার

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলায় এক নারীসহ চারজন মাদক কারবারিকে আটক করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে ৪০০ গ্রাম গাঁজা ও পাঁচটি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। সোমবার (২০ এপ্রিল) সকালে আকটকুতদের বিরুদ্ধে নিয়মিত মাদক মালদায় গ্রেফতার দেখিয়ে আদালতে সোপর্দ করা হয়। এর আগে রবিবার (১৯ এপ্রিল) দিবাগত রাত সাড়ে ১১টার দিকে উপজেলার আদাবাড়িয়া ইউনিয়নের কাশিপুর এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বাউফল থানা পুলিশ তাদের আটক করে। আটক

৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

**ঈশিতা কম্পিউটার**

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২৩৩৪৬

০১৭১৫২৩৩৪৬

কীর্তনখোলা ডেস্ক

ব্রহ্মদেশ সংসদের সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্য পদে ৩৬ জনকে চূড়ান্ত মনোনয়ন দিয়েছে ক্ষমতাসীন দল

## মাদক কারবারিকে ধরে পুলিশে দিলেন ছাত্রদল নেতা

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে সিরাজুল ইসলাম চুন্নু নামের এক মাদক কারবারিকে ইয়াবাসহ আটক করে পুলিশের হাতে তুলে দিয়েছেন আশুর রহিম নামের এক ছাত্রদল নেতাসহ স্থানীয়রা। রোববার (১৯ এপ্রিল) রাত্তি্রে গৌরনদী পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের কাসেমাবাদ এলাকা থেকে তাকে আটক করা হয়। পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ও কাসেমাবাদ এলাকার বাসিন্দা আব্দুর রহিম বলেন, ৯ নম্বর ওয়ার্ডের কাসেমাবাদ-হরিসেনা এলাকায় দীর্ঘদিন ধরে ইয়াবা বিক্রি করে আসছে মাদককারবারি সিরাজুল ইসলাম চুন্নু। রোববার কাসেমাবাদ হাসপাতালে ইয়াবা বিক্রির সময় স্থানীয় যুবসমাজকে সঙ্গে নিয়ে তাকে হাতেদোত্রে ধরে থানা পুলিশকে দিই। তিনি

৩ এর পাতায় দেখুন



## কলাপাড়ায় মেয়াদোত্তীর্ণ গুম্বুধ রাখায় ৪ ফার্মেসিতে অর্থদণ্ড

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় মেয়াদ উত্তীর্ণ, ভেটেরিনারি গুম্বুধ, নির্ধারিত তাপমাত্রা নিয়ন্ত্রণে না রাখা ও বিক্রয় অযোগ্য গুম্বুধ রাখায় চার ফার্মেসীর মালিককে ৫৫ হাজার টাকা অর্থদণ্ড করেছে ডায়ামাগ আদালত। সোমবার, ২০এপ্রিল উপজেলা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এগ্রিকিউল্টি ম্যাজিস্ট্রেট ইয়াসিন সাদেক এ জরিমানা করেন। এসময় পটুয়াখালী জেলা ড্রাগ ওষুধ প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। কলাপাড়া উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এগ্রিকিউল্টি ম্যাজিস্ট্রেট ইয়াসিন সাদেক জানান, মেয়াদোত্তীর্ণ, ভেটেরিনারি গুম্বুধ, নির্ধারিত তাপমাত্রা নিয়ন্ত্রণে না রাখা ও বিক্রয় অযোগ্য গুম্বুধ রাখার দায়ে মাদ্রাসা সড়ক এলাকায় খলিলুর রহমান ফার্মেসিকে ২০ হাজার টাকা

৩ এর পাতায় দেখুন

## বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ৭৭ হাজার ৭৯৯ শূন্যপদ

কীর্তনখোলা ডেস্ক

দেশের বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে রয়েছে ৭৭ হাজার ৭৯৯টি শূন্য শিক্ষক পদের তথ্য পেয়েছে বেসরকারি শিক্ষক নিরক্ষর কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। এসব শূন্যপদে এবার আর আগের মতো শিক্ষক নিয়মদান সনদের ভিত্তিতে নয়, সরাসরি লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। খুব দ্রুতই এ সংক্রান্ত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হতে পারে। সর্বশেষ সূত্রে জানা গেছে, সারা দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ৭৭ হাজার ৭৯৯টি শূন্য পদের চাহিদা

৩ এর পাতায় দেখুন

**অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন**

এম.বি.বি.এস; এফ.পি.পি.এস, ফেলো ডটট.এইচ.ও (অস্ট্রেলিয়া)

**অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)**

**শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।**

**নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ**

**চেষ্টার:**

মেডিনোভা ডায়াগনস্টিক কমপ্লেক্স

শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে

বাঁধ রোড, বরিশাল।

রোগী দেখার সময়:

প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

সিরিয়ালের জন্য:

০১৭৫২-১৩৪৪০৮, ০১৭১১-১৪০৯৬৯

০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৪৪১৭৫

**বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল**

০১৭৫২-১৩৪৪০৮

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফস্টে প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com